

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক নং- ৪৬.০২০.০০৪.০১.০০.১০০০ .২০১৬ ৩৭৮

তারিখঃ ২০/১২/১৬


বিষয়ঃ রীট পিটিশন নং-১২৫১৯/২০১৬ বাদী-জনাব মোঃ শফিক উদ্দিন, কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা-কমলনগর, জেলা- লক্ষীপুর- বনাম
সরকার ও অন্যান্য।

লক্ষীপুর জেলার কমলনগর উপজেলায় উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য জমি অধিগ্রহণ না করার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ১২৫১৯/২০১৬ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত রুল ইস্যুপূর্বক জবাব প্রদানের জন্য এ বিভাগের সচিব মহোদয়সহ বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, সরকারের পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ যাবতীয় কার্যক্রম গ্রহণকরতঃ ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব অত্র শাখায় প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। মহামান্য আদালতের আদেশ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ রুলের কপি।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব (আইন-১)
৯৫৪০৯৯৫

১। প্রধান প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, ঢাকা।

২। জেলা প্রশাসক, লক্ষীপুর।

৩। উপজেলা নির্বাহী অফিসার

কমলনগর উপজেলা, জেলা-লক্ষীপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)